



নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি

রাজেন্দ্রপুর, চল্লিশা, নেত্রকোণা

টেলিফোনঃ ০৯৫১-৬১৩৫৩, ০৯৫১-৬১৮৯৯, ই-মেইলঃ netrokonapbs@gmail.com



পল্লী বিদ্যুতের সেবা বর্ধ

স্মারক নং-২৭.১২.৭২০০.৫৪৫.০০১.০৩৮.২০২২.

৫৭২৫

তারিখঃ ১৩ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ
২৯/১০/২০২২ খ্রিস্টাব্দ

“ দরপত্র বিজ্ঞপ্তি ”

নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক পবিস তহবিলের আওতায় নিম্নের বর্ণনা অনুযায়ী মালামাল সরবরাহ/পরিবহনের জন্য বাংলাদেশী প্রকৃত উৎপাদনকারী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে সীল মোহরকৃত দরপত্র আহবান করা হচ্ছে।

দরপত্র নং	ক্রয়তব্য মালামালের বিবরণ	দরপত্র দলিল বিক্রয়ের সময়সূচী	দরপত্র গ্রহণ ও খোলার সময়সূচী		আর্নেস্টমানির পরিমাণ (টাকা)	দরপত্র দলিলের মূল্য(টাকা)
			গ্রহণ	খোলা		
জি-২২-২৩- ৪৫-৬২-০০১	কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফরম	৩০/১০/২০২২খ্রিঃ তারিখ রবিবার হতে ১৩/১১/২০২২খ্রিঃ তারিখ রবিবার অফিস চলাকালীন সময় পর্যন্ত।	১৪/১১/২০২২খ্রিঃ তারিখ সোমবার সকাল ১১:০০ ঘটিকা পর্যন্ত।	১৪/১১/২০২২খ্রিঃ তারিখ সোমবার সকাল ১১:০৫ ঘটিকা।	৭৮০০০.০০	১৫০০.০০
ডব্লিউ-২২-২৩ ৪৫-২১-০০১	এসপিসি পোল পরিবহন				১৬০০০.০০	১০০০.০০

শর্তাবলী:

- ০১। **দরপত্র বিক্রয়ের স্থানঃ** আগ্রহী দরদাতাগণ নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক হতে বর্ণিত দরপত্র আইটেমের বিপরীতে নির্ধারিত পরিমাণ অর্থ (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্ত করতঃ নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি এর জেনারেল ম্যানেজার বরাবর নিজস্ব লেটার হেড প্যাডে আবেদনের মাধ্যমে (১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃঅঃ) পরিদপ্তর, বাপবিবো, খিলক্ষেত, ঢাকা-১২২৯ (২) নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, রাজেন্দ্রপুর, চল্লিশা, নেত্রকোণা হতে দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন।
- ০২। **দরপত্র দাখিল ও খোলার স্থানঃ** দরপত্রের উপরে বর্ণিত সময়সীমার মধ্যে (১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃঅঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা (২) নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, রাজেন্দ্রপুর, চল্লিশা, নেত্রকোণা এই ঠিকানায় দরপত্র পৌঁছাতে হবে। দরপত্র বর্ণিত সময় ও স্থানে দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ থাকেন) খোলা হবে।
- ০৩। দরপত্রের সাথে নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক হতে উপরিউক্ত কলাম এ দরপত্রের বিপরীতে বর্ণিত আর্নেস্টমানির টাকা পে-অর্ডার (ফেরতযোগ্য) দরপত্র জামানত হিসেবে সংযুক্ত করতে হবে।
- ০৪। দরপত্র সম্পর্কে কারও কোন জিজ্ঞাসা থাকলে/ব্যাখ্যার প্রয়োজন হলে তা দরপত্র দাখিলের নির্ধারিত সময়সীমার কমপক্ষে ০৭ (সাত) দিন পূর্বে নিম্ন ঠিকানায় লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।
- ০৫। কার্যাদেশ প্রদানের সময় মালামালের পরমান কম/বেশী হতে পারে।
- ০৬। সন্তোষজনকভাবে মালামাল সরবরাহ/পরিবহনের পর চালান ও বিল দাখিল সাপেক্ষে একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে। পরিশোধযোগ্য বিল হতে সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর কর্তন করা হবে।
- ০৭। দরপত্র দলিলে উল্লেখিত শর্তাবলী অত্র দরপত্র বিজ্ঞপ্তির শর্ত বলে বিবেচিত হবে।
- ০৮। সকল দরপত্র খামের উপরে প্রেরকের পূর্ণাঙ্গ ঠিকানা, দরপত্র নম্বর ও মালামালের বিবরণ সুস্পষ্ট করে লিখতে হবে।
- ০৯। দরপত্রের শর্তাবলীতে উল্লেখ নাই এমন সকল বিষয়ে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

(প্রকৌঃ বিপ্লব কুমার সরকার)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

অনুলিপিঃ-সদয় অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহনের অনুরোধ সহ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক, নেত্রকোণা।
- ০৩। পুলিশ সুপার, নেত্রকোণা।
- ০৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নেত্রকোণা।
- ০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার-----পবিস-১/২/৩/৪।
- ০৬। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, নেত্রকোণা।
- ০৭। মেয়র, নেত্রকোণা পৌরসভা, নেত্রকোণা।
- ০৮। ডিজিএম, মদন/দুর্গাপুর/মোহনগঞ্জ/কেন্দুয়া /পূর্বধলা/বারহাটা,/ কলমাকান্দা জোনাল অফিস/ডিজিএম (কারিগর) নেত্রকোণা পবিস।
- ০৯। এজিএম, (অর্থ-হিসাব/অর্থ-রাজস্ব/ওএন্ডএম/ইএন্ডসি/এম,এস), নেত্রকোণা পবিস।
- ১০। এজিএম(ওএন্ডএম),আটপাড়া/ধর্মপাশা সাব জোনাল অফিস, নেত্রকোণা পবিস।
- ১১। এজিএম (আইটি), নেত্রকোণা পবিস - (ওয়েব সাইটে প্রকাশ করবেন)।
- ১২। নোটিশ বোর্ড, নেত্রকোণা পবিস।
- ১৩। অফিস কপি/মাস্টার কপি।

(প্রকৌঃ বিপ্লব কুমার সরকার)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)